**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 17-04-2025**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**<u>Headlines :</u>**

**(১) কেন্দ্রীয় প্রতিমন্ত্রী বি এল ভার্মা আজ দক্ষিন জেলার বিলোনিয়া মহকুমার ভারতচন্দ্র নগর ব্লক এলাকার নতুন নগর অঙ্গনওয়ারী কেন্দ্র পরিদর্শন করেছেন।**

**(২) প্রদেশ বিজেপির উদ্যোগে আজ রবীন্দ্র শতবার্ষিকী ভবনে রাজ্যভিত্তিক ওয়াকফ সংশোধনী জনজাগরণ অভিযানের উপর একটি কর্মশালা অনুষ্ঠিত ।**

**(৩) আগামীকাল গুড ফ্রাইডে। রাজ্যের বিভিন্ন গির্জায় ধর্মীয় ভাবাবেগের মধ্য দিয়ে দিনটি পালন করা হবে |**

**(৪) কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ আজ পুনরায় বলেছেন, ২০২৬ সালের ৩১শে মার্চের মধ্যে দেশ থেকে নকশালবাদ সম্পূর্ণরূপে নির্মূল করা হবে|**

**************************************************

## Union Minister V L Verma:

কেন্দ্রীয় খাদ্য ও গণবন্টন এবং সামাজিক ন্যায়বিচার ও ক্ষমতায়ন মন্ত্রকের প্রতিমন্ত্রী বি এল ভার্মা আজ দক্ষিন জেলার বিলোনিয়া মহকুমার ভারতচন্দ্র নগর ব্লক এলাকার নতুননগর অঙ্গনওয়াড়ী কেন্দ্র পরিদর্শন করেন। পরিদর্শন কালে দক্ষিন জেলার জেলাশাসক মহম্মদ সাজ্জাদ পি, সমাজ কল্যাণ ও সমাজ শিক্ষা দপ্তরের অধিকর্তা তপন চন্দ্র দাস প্রমুখ উপস্থিত ছিলেন| কেন্দ্রীয় মন্ত্রী অঙ্গনওয়ারী কর্মী-সহায়িকা ছাত্র-ছাত্রী ও অভিভাবকদের সঙ্গে মত বিনিময় করেন এবং দুই জন গর্ভবতী মহিলাকে পোষণ কিট, ফল, পুষ্টিকর খাদ্য তুলে

দেন। সরকারী সুবিধা থেকে মা বোনেরা যাতে বঞ্চিত না হন সে ব্যাপারে নজর রাখার জন্য কেন্দ্রীয় প্রতিমন্ত্রী আহ্বান জানান|

**######## BYTE V L Verma ########**

***************************

**Bikash debbarma visit:**

জনজাতি কল্যাণমন্ত্রী বিকাশ দেববর্মা আজ করমছড়া বিধানসভা কেন্দ্রের অন্তর্গত মাচলি এলাকায় নবনির্মিত একলব্য মডেল আবাসিক স্কুল পরিদর্শন করেন।মন্ত্রী শ্রী দেববর্মা বলেন, সরকার ইতিমধ্যেই রাজ্যের বিভিন্ন অঞ্চলে আরও ছয়টি একলব্য বিদ্যালয় স্থাপনের পরিকল্পনা করেছে। পরিদর্শন কালে মন্ত্রী বিদ্যালয়ের নির্মাণ কাজের গুণগতমান পর্যবেক্ষণ করেন। তিনি আমবাসার সাধুটিলার রামমোহন মেমোরিয়াল আশ্রম স্কুলের জনজাতি ছাত্রছাত্রীদের হোস্টেলটিও পরিদর্শন করেন।

***************************

**CM- Rabindra Bhawan:**

প্রদেশ বিজেপির উদ্যোগে আজ রবীন্দ্র শতবার্ষিকী ভবনে রাজ্যভিত্তিক ওয়াকফ সংশোধনী জনজাগরণ অভিযানের উপর একটি কর্মশালা অনুষ্ঠিত হয়। কর্মশালায় উপস্থিত ছিলেন মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা, প্রাক্তন মুখ্যমন্ত্রী তথা সাংসদ বিপ্লব কুমার দেব, বিজেপি রাজ্য সভাপতি তথা সাংসদ রাজীব ভট্টাচাৰ্য্য, বিজেপির সর্বভারতীয় সম্পাদক অনিল কে এন্টনি প্রমুখ। মুখ্যমন্ত্রী বলেন, ১৯৯৫ সালে তৈরি ওয়াকফ আইনের দূর্বলতার জন্য পিছিয়ে পড়া জনগোষ্ঠীর গরীব মুসলমানরা ক্ষতিগ্রস্ত হয়েছে। একই সাথে ৪০ নম্বর ধারা অপব্যবহার করে বিভিন্ন জায়গা জবরদখল সহ আরো অসংখ্য দুর্নীতির অভিযোগের নিষ্পত্তি করার লক্ষ্যেই পাশ হয়েছে ওয়াকফ সংশোধনী আইন

২০২৫। সাংসদ বিপ্লব কুমার দেব বলেন, এই আইন গরীব মুসলিমদের জন্য লাভজনক হবে। বিজেপি রাজ্য সভাপতি তথা সাংসদ রাজীব ভট্টাচার্য বলেন, এই আইন কল্যাণকর হিসেবেই প্রমাণিত হবে।

***************************

**Tripura Darpan:**

প্রাক্তন মুখ্যমন্ত্রী মানিক সরকার আজ রবীন্দ্র শতবার্ষিকী ভবনে ত্রিপুরা দর্পণের নির্বাচিত আর্কাইভ সংকলন গ্রন্থের আবরণ উন্মোচন করেন। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিশিষ্ট সাংবাদিক সত্যব্রত চক্রবর্তী, স্রোত রঞ্জন খিসা প্রমুখ। রাজ্যের বাইরে থাকার কারণে অনুষ্ঠানে উপস্থিত থাকতে না পারলেও মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাক্তার মানিক সাহা তার লিখিত ভাষনে জানান, আগামী দিনে এই সংকলন একটি ঐতিহাসিক দুর্লভ দলিল হিসেবে লিপিবদ্ধ হয়ে থাকবে।

***************************

**Package Story:**

ত্রিপুরা রাজ্যের সাথে ৬ আসাম রাইফেলসের ঐতিহাসিক সম্পর্কের স্মরণে, ব্যাটালিয়নটি ত্রিপুরার রাজবংশের সদস্য প্রদ্যোৎ বিক্রম মানিক্য দেববর্মাকে ২00 বছরের পুরনো বার্মিজ ঘণ্টার একটি রেপ্লিকা উপহার দিয়েছে।

এই  বিষয়ে মেঘধন দেবের একটি প্রতিবেদন-------

#############VC#############

***************************

**Sushanta Chowdhury :**

পর্যটনমন্ত্রী সুশান্ত চৌধুরী আজ জিরানিয়ার কলাবাগানে তৃপ্তি মহিলা ক্লাস্টার বহুমুখী সমবায় সমিতির নতুন কার্যালয়ের উদ্বোধন করেন। অনুষ্ঠানে শ্রী চৌধুরী

জানান, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী "সহকার সে সমৃদ্ধি'-র দৃষ্টিভঙ্গিকে আরো জোরদার করতে রাজ্য সরকার বেশ কয়েকটি পদক্ষেপ গ্রহণ করেছে। তিনি জানান, এই বহুমুখী সমবায় সমিতি স্ব-সহায়ক দলের দিদিদের 'লাখপতি দিদি', 'সুখী দিদি' ও স্বাবলম্বী করে তুলতে বিশেষ ভূমিকা পালন করবে।

***************************

**Zilla Parishad:**

ঊনকোটি জিলা পরিষদ কার্যালয়ে আজ জেলা পর্যায়ের এক সভা অনুষ্ঠিত হয়। উপস্থিত ছিলেন, ঊনকোটি জিলা পরিষদের সভাধিপতি অমলেন্দু দাশ, সহকারী সভাধিপতি সন্তোষ ধর সহ জিলা পরিষদের সদস্যগণ, পঞ্চায়েত সমিতির চেয়ারপার্সন সহ বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ। এখানে গত অর্থবছরের কর্মধারা ও চলতি অর্থবছরের কর্মপরিকল্পনা নিয়ে পুস্তিকা আনুষ্ঠানিকভাবে প্রকাশ করা হয়।

***************************

**Fire Service Week:**

অগ্নিনির্বাপক সপ্তাহ পালন উপলক্ষ্যে অগ্নি ও জরুরি পরিষেবা দপ্তরের উদ্যোগে আজ ঊনকোটি জেলা সদর কৈলাশহরে মোটরবাইক রেলি অনুষ্ঠিত হয়। অগ্নিনির্বাপক সপ্তাহের এবছরের ভাবনা হচ্ছে, "প্রজ্জ্বলিত হতে একতাবদ্ধতা-অগ্নি বিপর্যয়মুক্ত ভারত"। কৈলাশহর ফায়ার স্টেশন থেকে এই রেলিটি শুরু হয়ে কুমারঘাট, কাঞ্চনবাড়ি পরিক্রমা করে ফের কৈলাশহরে এসে শেষ হয়।

***************************

**Fire Service Week-Khowai:**

খোয়াই জেলাতেও অগ্নি নির্বাপক সপ্তাহ পালিত হচ্ছে। এই উপলক্ষ্যে আজ এক বাইক রেলি অনুষ্ঠিত হয়| এই রেলির মাধ্যমে অগ্নিকাণ্ডের প্রাথমিক প্রতিরোধ

এবং প্রাকৃতিক দুর্যোগ মোকাবেলায় প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের উপর জনগণকে সচেতন করা হয়।

***************************

**Congress Press Meet :**

রোমান স্ক্রিপ্টের দাবিতে রাজ্যের কয়েকটি জনজাতি ছাত্র সংগঠন এবং তিপরা মথার ভূমিকার সমালোচনা করলেন কংগ্রেস বিধায়ক সুদীপ রায় বর্মন। আজ প্রদেশ কংগ্রেস ভবনে এক সাংবাদিক সম্মেলনে তিনি বলেন, এই ধরনের আন্দোলনের মাধ্যমে অধিকার আদায় করা যায় না। রোমান স্ক্রিপ্টের প্রতি আস্থা থাকলে গণতান্ত্রিক উপায়ে আন্দোলনের আহ্বান জানান|

***************************

**Nirmal Ch. Das:**

প্রাক্তন এমডিসি তথা অমরপুরের তপশিলি জাতি কংগ্রেস নেতা নির্মল চন্দ্র দাস আজ জিবি হাসপাতালে শেষ নিঃশ্বাস ত্যাগ করেন। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৭২ বছর। সকালে তাঁর মরদেহ জিবি হাসপাতাল থেকে প্রদেশ কংগ্রেস ভবনে আনা হলে, শেষ শ্রদ্ধা জানান প্রদেশ কংগ্রেস সভাপতি আশীষ কুমার সাহা, বিধায়ক সুদীপ রায় বর্মন প্রমুখ।

***************************

**Death of Writer:**

রাজ্যের বিশিষ্ট সাহিত্যিক তথা ত্রিপুরা মণিপুরী সাহিত্য পরিষদের প্রাক্তন সভাপতি রাজকুমার জিতেন্দ্রজিৎ সিংহ প্রয়াত। আজ সকালে ত্রিপুরা মেডিক্যাল কলেজ হাসপাতালে ৮৬ বছর বয়সে তাঁর প্রয়াণ ঘটে। মণিপুরী, বাংলা ও ইংরেজি ভাষার বিশিষ্ট প্রবন্ধকার রূপে তাঁর খ্যাতি ছিল| ত্রিপুরা

রবীন্দ্র পরিষদ সহ রাজ্যের বিশিষ্ঠ জনেরা তাঁর প্রয়াণে গভীর শোক ব্যক্ত করেছেন।

***************************

**Good Friday:**

আগামীকাল গুড ফ্রাইডে। এই দিনে প্রভু যিশুকে ক্রুশ বিদ্ধ করা হয়। খ্রিষ্টান ধর্মালম্বিদের মতে একাধারে এটি একটি দুঃখের এবং পবিত্র দিন। রাজ্যের বিভিন্ন গির্জায় ধর্মীয় ভাবাবেগের মধ্যদিয়ে দিনটি পালন করা হবে|

***************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে|

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ|

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা|

***************************

**Maan-Ki-Baat :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ২৭শে এপ্রিল, রবিবার আকাশবাণীতে 'মন কি বাত' অনুষ্ঠানের ১২১তম পর্বে দেশ ও বিদেশের মানুষের সঙ্গে তাঁর চিন্তাভাবনা

ভাগ করে নেবেন। জনগণ এই অনুষ্ঠানের জন্য তাদের মতামত এবং পরামর্শ ১৮০০-১১-৭৮০০ টোল-ফ্রি নম্বরের মাধ্যমে পাঠাতে পারবেন। নরেন্দ্র মোদী অ্যাপ অথবা মাইগভ ওপেন ফোরামের মাধ্যমেও মতামত জানানো যাবে। এই পরামর্শ এমাসের ২৫ তারিখ পর্যন্ত গ্রহণ করা হবে। এছাড়াও, 1922 নম্বরে মিস-কল দিলে যে লিঙ্ক পাওয়া যাবে, তাতেও SMS করা যাবে|

***************************

**Home Minister Amit Shah:**

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ আজ পুনরায় বলেছেন, ২০২৬ সালের ৩১শে মার্চের মধ্যে দেশ থেকে নকশালবাদ সম্পূর্ণরূপে নির্মূল করা হবে এবং এই লক্ষ্যে সিআরপিএফ জওয়ানরা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবেন। শ্রী শাহ আজ মধ্যপ্রদেশের নিমুচে সিআরপিএফের ৮৬তম প্রতিষ্ঠা দিবস উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে ভাষণ দিচ্ছিলেন। দেশের নিরাপত্তায় সিআরপিএফের ভূমিকার কথা উল্লেখ করে শ্রী শাহ বলেন, কাশ্মীরে সন্ত্রাসবাদীদের বিরুদ্ধে লড়াই হোক বা উত্তর-পূর্বে শান্তি প্রতিষ্ঠায় নিয়োজিত থাকা, সকল অভিযানেই সিআরপিএফ জওয়ানরা বিশাল অবদান রেখেছেন। এখন পর্যন্ত ২২৬৪ জন জওয়ান দেশ রক্ষায় তাদের জীবন উৎসর্গ করেছেন।

অনুষ্ঠানে শ্রী শাহ জওয়ানদের বীরত্বপূর্ণ পুরস্কারে সম্মানিত করেন। তিনি শহীদ স্থলে শহীদদের প্রতি শ্রদ্ধা নিবেদন করেন এবং কুচকাওয়াজ পরিদর্শন করেন। অনুষ্ঠানে মধ্যপ্রদেশের মুখ্যমন্ত্রী ডঃ মোহন যাদব এবং সিআরপিএফের মহানির্দেশক জ্ঞানেন্দ্র প্রতাপ সিং উপস্থিত ছিলেন।

***************************

**Weather:**

আগামীকাল সকাল সাড়ে আটটা পর্যন্ত রাজ্যের পশ্চিম এবং সিপাহীজলা জেলায় বিক্ষিপ্তভাবে বজ্র বিদ্যুৎ সহ ভারী বর্ষণ সঙ্গে ঘন্টায় ৪০ থেকে ৫০ কিলোমিটার বেগে ঝড়ো হাওয়া বয়ে যাওয়ার সর্তকতা জারি করেছে আবহাওয়া দপ্তর। খোয়াই, ধলাই, ঊনকোটি এবং উত্তর জেলায় বিক্ষিপ্তভাবে ভারী বর্ষণের সতর্কতা জারি করা হয়েছে। এছাড়া দক্ষিণ, উত্তর, খোয়াই, ঊনকোটি এবং গোমতী জেলায় ও বিক্ষিপ্তভাবে ৩০ থেকে ৪০ কিলোমিটার বেগে ঝড়ো হাওয়া বয়ে যাবার সতর্কতা জারি করা হয়েছে ।আজ সকাল সাড়ে আটটা থেকে বিকাল আড়াইটা পর্যন্ত আগরতলা বিমানবন্দর এলাকায় বৃষ্টি হয়েছে ১২. ৪ মিলিমিটার।

আগামীকাল তাপমাত্রা সর্বোচ্চ ৩০ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২১ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ দিনে সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩১ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২১ দশমিক ৬ ডিগ্রি সেলসিয়াস।

***************************

**Under 15 Cricket:**

রাজ্যভিত্তিক অনূর্ধ্ব ১৫ বছরের ক্রিকেটের ছয়টি ম্যাচের মধ্যে আজ দুটি অনুষ্ঠিত হয়। বাকী চারটি ম্যাচ বৃষ্টিতে পরিত্যক্ত হয়। কৈলাসহরের অনুষ্ঠিত খেলায় কমলপুর ৭ উইকেটে ধর্মনগরকে পরাজিত করে। ধর্মনগরে অনুষ্ঠিত তেলিয়ামুড়া ও লংতরাইভ্যালির মধ্যে খেলাটি টাই হয়। এছাড়া তেলিয়ামুড়ার মাঠে কাঞ্চনপুর বনাম আমবাসা, বিশালগড়ের মাঠে খোয়াই বনাম সদর 'বি', শান্তিরবাজারের মাঠে বিলোনিয়া বনাম সাব্রুম এবং সাব্রুমের মাঠে শান্তিরবাজার বনাম অমরপুরের খেলাগুলি বৃষ্টিতে পরিত্যক্ত হয়েছে।

***************************

***************************